# মানবাধিকারের ওপর দারিদ্র্যের প্রভাব পর্যবেক্ষণে জাতিসংঘ বিশেষজ্ঞের বাংলাদেশ সফর

জেনেভা (১০ মে, ২০২৩)— আগামী ১৭ থেকে ২৯ মে পর্যন্ত চরম দারিদ্র্য ও মানবাধিকার বিষয়ক জাতিসংঘের বিশেষ প্রতিবেদক ওলিভিয়ার ডি শ্যুটার দারিদ্র্য বিমোচনে সরকারের উদ্যোগ পর্যবেক্ষণে বাংলাদেশ সফর করবেন।

দারিদ্র্য ও মানবাধিকার বিষয়ে পর্যবেক্ষণ, প্রতিবেদন ও পরামর্শ প্রদানের জন্য জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল কর্তৃক নিয়োগকৃত স্বাধীন বিশেষজ্ঞ ডি শ্যুটার বলেন, "সাম্প্রতিক বছরগুলোতে দারিদ্র্য বিমোচনে বাংলাদেশের উল্লেখযোগ্য অর্জন রয়েছে, কিন্তু প্রশ্ন হলো কীভাবে এ অর্জন অক্ষুন্ন রাখা যায় এবং সর্বস্তরের জনগণের মধ্যে সমানভাবে এর সুফল নিশ্চিত করা যায়।"

"এ সফরের ফলে আমি উক্ত বিষয়ে আরও বেশি শুনতে ও জানতে পারবো এবং অর্থনৈতিক ও জলবায়ুজনিত অভিঘাতের প্রেক্ষাপটে মানুষকে দারিদ্র্যমুক্ত রাখতে ও সকলের জন্য মানসম্পন্ন জীবনমান নিশ্চিতকরণে সরকার যাতে সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে পারে সেসব বিষয়ে কিছু দিকনির্দেশনা প্রদান করতে পারবো।"

সফরকালে, জাতিসংঘ বিশেষজ্ঞ ঢাকা ও রংপুর বিভাগের কিছু স্থান এবং কক্সবাজার পরিদর্শন করবেন। তিনি এসব স্থানের স্থানীয় সরকারি কর্মকর্তাবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, দারিদ্র্যপীড়িত সম্প্রদায় ও মানুষের সঙ্গে সাক্ষাৎ করবেন।

এছাড়াও সামাজিক সুরক্ষা কর্মসূচীর কার্যকারিতা নিরূপণে ডি শ্যুটার দারিদ্র্যের ওপর বাংলাদেশের শ্রম আইন, স্বাস্থ্যসেবা, গৃহায়ণ, এবং শিক্ষা ব্যবস্থার প্রভাবসমূহ পর্যবেক্ষণ করবেন। নারী, শিশু, প্রতিবন্ধী, বৃদ্ধ, তৈরি পোশাক কর্মী, এবং রোহিঙ্গা শরণার্থীসহ যেসকল গোষ্ঠী দারিদ্র্য বৈষম্যের শিকার তাদের অবস্থাও পর্যবেক্ষণ করবেন তিনি।

২৯ মে স্থানীয় সময় ১৫:০০ ডি শ্যুটার তার প্রাথমিক পর্যবেক্ষণ ও পরামর্শসমূহ ঢাকার হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁতে একটি সাংবাদ সম্মেলনের মাধ্যমে পেশ করবেন। কেবল সাংবাদিকদের জন্য প্রবেশাধিকার সংরক্ষিত। সাংবাদ সম্মেলনটি সরাসরি সম্প্রচার করা হবে (আরও তথ্য পেতে)।

২০২৪ সালের জুনে বিশেষ প্রতিবেদক তার চূড়ান্ত প্রতিবেদন জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে পেশ করবেন।

**সমাপ্ত।**

২০২০ সালের মে মাস থেকে ওলিভিয়ার ডি শ্যুটার (বেলজিয়াম) চরম দারিদ্র্য ও মানবাধিকার বিষয়ক বিশেষ প্রতিবেদক হিসেবে কাজ করছেন। তিনি জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলকর্তৃক নিয়োগকৃত এবং বিশেষ প্রক্রিয়ার অংশ। স্পেশাল প্রসিজারস (বিশেষ প্রক্রিয়া) হল জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলের স্বাধীন তথ্য-অনুসন্ধান এবং পর্যবেক্ষণ ব্যবস্থার সাধারণ নাম, যা বিশ্বের সর্বত্র নির্দিষ্ট দেশের পরিস্থিতি বা বিষয়গত সমস্যাগুলো নিয়ে কাজ করে। বিশেষ প্রক্রিয়া (স্পেশাল প্রসিজারস) এর বিশেষজ্ঞরা স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করেন। তারা জাতিসংঘের পেশাদার কর্মী নন এবং তাদের কাজের জন্য বেতন পান না। তারা যেকোনো সরকার বা সংস্থা থেকে স্বাধীন এবং তারা তাদের ব্যক্তিগত সক্ষমতায় সেবা দিয়ে থাকেন।

https://www.ohchr.org/en/special-procedures/sr-poverty

ইউ এন হিউম্যান রাইটস কান্ট্রি পেজ - বাংলাদেশ

আরও তথ্য পেতে এবং সংবাদ প্রাপ্তির জন্য অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন: সাকশি রাই, ফোন: + 41229174258 (sakshi.rai@un.org) অথবা কেইট হোমস (+447803502410/kate.holmes@srpoverty.org)

জাতিসংঘের অন্যান্য স্বাধীন বিশেষজ্ঞদের বিষয়ে মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন: মায়া ডিরোয়াজ, (maya.derouaz@un.org) অথবা ধারিশা ইন্দ্রগুপ্ত (dharisha.indraguptha@un.org).

বিশেষ প্রতিবেদকদের অনুসরণ করুন: @srpoverty

সংবাদসংশ্লিষ্ট জাতিসংঘের অন্যান্য মানবাধিকার বিশেষজ্ঞদের অনুসরণ করুন: @UN_SPExperts

আমরা যে পৃথিবীতে বাস করি তা নিয়ে কি আপনি উদ্বিগ্ন?

**তবে আজই পাশে দাঁড়ান কারও অধিকার রক্ষায়।**

#Standup4humanrights (#মানবাধিকারের জন্য পাশে দাঁড়ান।)

ওয়েবসাইট দেখুন:

http://www.standup4humanrights.org